



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০১৮.২০১৪-১৩৬

তারিখ: ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব মোহাম্মদ ইলিয়াছ ২৪/১২/২০২০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বহিঃবাংলাদেশ গমন করে অদ্যাবধি পরিষদের মাসিক সভাসহ অন্যান্য কার্যক্রমে অনুপস্থিত রয়েছেন এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব মোহাম্মদ ইলিয়াছ ২৪/১২/২০২০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বহিঃবাংলাদেশ গমন করে অদ্যাবধি পরিষদের মাসিক সভাসহ অন্যান্য কার্যক্রমে অনুপস্থিত থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব মোহাম্মদ ইলিয়াছ কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০১৮.২০১৪-১৩৬


তারিখ: ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোহাম্মদ ইলিয়াছ, ইউপি সদস্য, ০৪নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব